

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়

কুমিল্লা

স্মারক নং : সিজিএম/কুম-১১০/২১(প্র:শা:)

তারিখ- ২৬/০৮/২০২১ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

কুমিল্লা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসীর নিম্নবর্ণিত পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক্রমিক	পদের নাম	পদসংখ্যা	বেতন স্কেল/২০১৫	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	স্টোরকিপার	০১টি (এক)	১৬তম গ্রেড ৯,৩০০-১২,৪৯০/-	স্বীকৃত বোর্ড হইতে এসএসসি/সমমান পাশ। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
২	জারীকারক	০১টি (এক)	১৯তম গ্রেড ৮,৫০০-২০,৫৭০/-	স্বীকৃত বোর্ড হইতে এসএসসি/সমমান পাশ।
৩	নিরাপত্তা প্রহরী	০৩টি (তিন)	২০তম গ্রেড ৮,২৫০-২০,০১০/-	স্বীকৃত বোর্ড হইতে এসএসসি/সমমান পাশ।

### শর্তাবলী :

- আবেদন করতে হবে চাকরির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত নমুনা ছকে, পূরণকৃত আবেদন পাঠাতে হবে ডাকযোগে এবং নিম্নস্বাক্ষরকারীর বরাবরে। খামের উপর আবেদনকৃত পদের নাম, নিজ জেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে চাহিত কোটা উল্লেখ থাকতে হবে। অত্র নিয়োগের ক্ষেত্রে প্রচলিত সকল কোটা রক্ষা করা হবে।
- আগামী ৩০/০৯/২০২১ তারিখের পরে পাওয়া কিংবা অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীর ন্যূনতম বয়স ১৮ পূর্ণ হতে হবে, সর্বোচ্চ বয়স ৩০ পর্যন্ত তবে মুক্তিযোদ্ধা পোষ্যদের বয়স ৩২ (বত্রিশ) পর্যন্ত শিথিলযোগ্য। সর্বোচ্চ বয়স গণনায় সর্বশেষ তারিখ হবে ২৫/০৩/২০২০। বয়সের ক্ষেত্রে অ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- চাকরিরত কোনো প্রার্থী আবেদন করতে চাইলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।
- দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজাদি সংযুক্ত করতে হবে:  
ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি, পিছনে নিজহাতে নাম লিখা থাকতে হবে;  
খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও পোষ্য সনদের ফটোকপি;  
গ) জাতীয় পরিচয়পত্র, স্থানীয় কর্তৃপক্ষের প্রদত্ত জাতীয়তা সনদ ও জন্মনিবন্ধনের (যদি থাকে) ফটোকপি;  
ঘ) প্রাপক হিসেবে নিজের ঠিকানা লিখিত ১০ টাকার ডাকটিকেটযুক্ত ১টি ফেরত খাম।
- চূড়ান্ত নির্বাচনী পরীক্ষার সময় শিক্ষাগত ও অন্যান্য সনদের 'মূল কপি' অবশ্যই সাথে রাখতে হবে।

স্বা/-

(সোহেল রানা)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা

এবং

চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।